গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রধান কার্যালয়
৪১, সেগুন বাগিচা ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

## মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর বিভাগীয় কর্মকর্তাদের সাথে মে ২০২১ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ আহসানুল জব্বার
মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

তারিখ ও সময় : ৩০ মে ২০২১, বেলা ১১:০০ টা।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) জানান যে, ৩১ মার্চ ২০২১, তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ইতোমধ্যে সকলের নিকট প্রেরণ করা হয়েছে। উক্ত কার্যবিবরণীর উপর কোন সংশোধন বা সংযোজনীর প্রস্তাব না থাকায় তা দৃঢ়করণ করা হয়। অত:পর বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় পর্যালোচনা আলোচ্যসূচী অনুযায়ী নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | প্রধান কার্যালয় কর্তৃক সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন। | প্রতিটি সভার কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের মধ্যে যেগুলো প্রধান কার্যালয় কর্তৃক বাস্তবায়নযোগ্য সেগুলো প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট অধিশাখা/শাখা কর্তৃক মহাপরিচালক বরাবরে নথিতে পেশ করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। সিদ্ধান্ত সমূহের মধ্যে প্রধান কার্যালয় সংশ্লিষ্ট কতটি সিদ্ধান্ত ছিল, তার মধ্যে কতটি নথিতে উপস্থাপিত হয়েছে, কতটি উপস্থাপিত হয়নি, না হলে তার কারণ সভায় উপস্থাপন করা যেতে পারে। | প্রতিটি সভার কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের মধ্যে যেগুলো প্রধান কার্যালয় কর্তৃক বাস্তবায়নযোগ্য সেগুলো প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট অধিশাখা/শাখা কর্তৃক মহাপরিচালক বরাবরে নথিতে পেশ করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। সিদ্ধান্ত সমূহের মধ্যে প্রধান কার্যালয় সংশ্লিষ্ট কতটি সিদ্ধান্ত ছিল, তার মধ্যে কতটি নথিতে উপস্থাপিত হয়েছে, কতটি উপস্থাপিত হয়নি, না হলে তার কারণ সভায় উপস্থাপন করতে হবে। | পরিচালক (সকল)/ অতিঃ পরিচালক (গোয়েন্দা) / উপ পরিচালক (সকল)/ সহঃ পরিচালক (সকল),প্রধান কার্যালয়,ঢাকা। |
| ০২ | অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ। | (ক) অধিদপ্তরের প্রত্যেক কর্মীকে বাৎসরিক ৫০ ঘন্টা প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে। | (ক) অধিদপ্তরের প্রত্যেক কর্মীকে বাৎসরিক ৫০ ঘন্টা প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)। |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | (খ) APA এর উপর অতিরিক্ত পরিচালক ও উপপরিচালকদের অনলাইনে ভার্চুয়্যাল পদ্ধতিতে পৃথক পৃথক প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে। | (খ) APA এর উপর অতিরিক্ত পরিচালক ও উপপরিচালকদের অনলাইন ভার্চুয়্যাল পদ্ধতিতে পৃথক পৃথক প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | পরিচালক(প্রশাসন)/ পরিচালক(চিকিৎসা ও পুনর্বাসন)। |
| | | (গ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সকল কার্যালয়ে কর্মরত পোষাক প্রাধিকারভূক্ত কর্মকর্তা-কর্মচারীদের পোষাক পরিধান নিশ্চিত করতে হবে। পাশাপাশি নতুন পোষাক বিধিমালা অনুযায়ী প্রাধিকারভূক্ত কর্মকর্তা-কর্মচারীর প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে। | (গ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে কর্মরত পোষাক প্রাধিকারভূক্ত কর্মকর্তা-কর্মচারীদের পোষাক পরিধান নিশ্চিত করতে হবে এবং এ বিষয়ে যথাযথ প্রশিক্ষণ প্রদান করতে হবে। | পরিচালক(প্রশাসন)/ পরিচালক(চিকিৎসা ও পুনর্বাসন)/ অতিঃ পরিচালক (সকল)/ উপপরিচালক(সকল) /সহকারী পরিচালক(সকল) কার্যালয় । |
| | | (ঘ) মানিলন্ডারিং এর বিষয়ে পর্যায়ক্রমে ব্যাচ ভিত্তিক প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে। | (ঘ) মানিলন্ডারিং এর বিষয়ে পর্যায়ক্রমে ব্যাচ ভিত্তিক প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | পরিচালক(প্রশাসন)/ পরিচালক(অপাঃ)/ পরিচালক(চিকিৎসা ও পুনর্বাসন)। |
| | | (ঙ) অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীকে কম্পিউটার ব্যবহার ও ইন্টারনেট ব্যবস্থাপনা, ই-নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে। | (ঙ) অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীকে কম্পিউটার ব্যবহার ও ইন্টারনেট ব্যবস্থাপনা, ই-নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করতে হবে। | পরিচালক(প্রশাসন)/ পরিচালক (চিকিৎসাওপুনর্বাসন/ সিস্টেম এনালিস্ট। |
| ০৩ | অধিদপ্তরের জমি সংক্রান্ত। | (ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের দখলীয় জমির ভূমি উন্নয়ন কর/পৌর কর নিয়মিত পরিশোধ ও মিউটেশন সম্পন্ন করতে হবে। কোনরূপ প্রতিবন্ধকতা না থাকা অবস্থায় কারো ভূমি উন্নয়ন কর অপরিশোধিত থাকলে সংশ্লিষ্ট কর্মকর্তা দায়ী থাকবেন। প্রত্যেক বিভাগীয় কর্মকর্তাগণকে তাঁর নিয়ন্ত্রণাধীন কার্যালয়সমূহের হালনাগাদ ভূমি উন্নয়ন কর/পৌরকর পরিশোধ সংক্রান্ত তথ্য এবং মিউটেশনকরণসহ যাবতীয় তথ্যের প্রতিবেদন প্রতি মাসে সভা অনুষ্ঠানের পূর্বে প্রধান কার্যালয়ে সফটকপিসহ প্রেরণ করবেন এবং প্রত্যেক জেলা উপজেলাতে অধিদপ্তরের নিজস্ব জমি পরিমাপ করা যেতে পারে। | (ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের দখলীয় জমির ভূমি উন্নয়ন কর/পৌর কর নিয়মিত পরিশোধ ও মিউটেশন সম্পন্ন করতে হবে। প্রত্যেক জেলা উপজেলাতে অধিদপ্তরের নিজস্ব জমি পরিমাপ করতে হবে। | পরিচালক(প্রশাসন)/ অতিঃ পরিচালক (সকল)/উপ পরিচালক/সহকারী পরিচালক (সকল) জেলা কার্যালয়/ মেট্রো কার্যালয় । |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | (খ) যে সমস্ত জায়গায় পূর্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নামে রেকর্ড ছিল কিন্তু পরে বাদ পড়েছে সেগুলোর জন্য রেকর্ড সংশোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে দেওয়ানী আদালতে মামলা করা যেতে পারে। | (খ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নামে রেকর্ড ছিল কিন্তু পরে বাদ পড়েছে সেগুলোর জন্য অধিদপ্তরের নামে রের্কড করার ব্যবস্থা নিতে হবে। প্রয়োজনে দেওয়ানী মামলা করতে হবে। | অতিঃপরিচালক (সকল)/ সহঃ পরিচালক (কমন সার্ভিস)। |
| | | (গ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জেলা কার্যালয় স্থাপনের জন্য জেলা প্রশাসক বরাবর পত্র দেওয়া যেতে পারে। | (গ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জেলা কার্যালয় স্থাপনের জন্য জেলা প্রশাসক বরাবর পত্র দিতে হবে। | পরিচালক(প্রশাসন)। |
| ০৪ | মাদক মামলা /অভিযান সংক্রান্ত। | (ক) নিয়মিত মামলা দায়েরের প্রমাপ অর্জন হচ্ছে ন্যূনতম পারফরম্যান্স। এটি নিশ্চিত করতে হবে। প্রমাপ অর্জিত না হলে যুক্তিসংগত কারণ উল্লেখ করতে হবে। মোবাইল কোর্টে ইয়াবার মামলার উপর বেশী গুরুত্ব দিতে হবে। | (ক) নিয়মিত মামলা দায়েরের প্রমাপ অর্জনের মাধ্যমে ন্যূনতম পারফরম্যান্স অর্জন করতে হবে। | পরিচালক(অপাঃ)/ অতিঃ পরিচালক (সকল)/উপ পরিচালক/ সহঃ পরিচালক, জেলা কার্যালয় (সকল)। |
| | | (খ) বিচারাধীন মামলা নিষ্পত্তির রেকর্ড হালনাগাদ করা প্রয়োজন। কতটি মামলায় আসামীকে রিমান্ডে নেয়ার আবেদন করা হয়েছে, কতটি মামলার আসামীর রিমান্ড মঞ্জুর হয়েছে, কতজন আসামী দোষ-স্বীকারোক্তিমূলক জবানবন্দী প্রদান করেছে তা সংরক্ষণ করা যেতে পারে। | (খ) বিচারাধীন মামলা নিষ্পত্তির রেকর্ড হালনাগাদ রাখতে হবে। কতটি মামলায় আসামীকে রিমান্ডে নেয়ার আবেদন করা হয়েছে, কতটি মামলার আসামীর রিমান্ড মঞ্জুর হয়েছে, কতজন আসামী দোষ-স্বীকারোক্তিমূলক জবানবন্দী প্রদান করেছে তা ছক আকারে উপস্থাপন করতে হবে। | পরিচালক(অপাঃ)/ অতিঃ পরিচালক (সকল)। |
| | | (গ) মানি লন্ডারিং সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণকারীগণ প্রত্যেক বিভাগ থেকে কমপক্ষে একটি করে মামলার প্রস্তাব প্রেরণ করবেন। | (গ) প্রত্যেক বিভাগ থেকে মানি লন্ডারিং প্রতিরোধ বিষয়ে ট্রেনিং গ্রহণকারীগণ বিভাগ ভিত্তিক কমপক্ষে একটি করে মামলার অনুসন্ধান কার্যক্রম শুরু করবেন। | উপ পরিচালক / সহঃ পরিচালক, জেলা/মেট্রো কার্যালয় (সকল)। |
| | | (ঘ) দীর্ঘ মূলতবী মামলা দ্রুত তদন্তের কার্যক্রম সম্পন্ন করা যেতে পারে। | (ঘ) দীর্ঘ মূলতবী মামলা দ্রুত তদন্তের কার্যক্রম সম্পন্ন করতে হবে। | পরিচালক (অপাঃ)/ অতিঃ পরিচালক (সকল)। |
| | | (ঙ) মাদক ব্যবসায়ীদের তালিকা ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে। পাশাপাশি ত্রৈমাসিক ভিত্তিতে বিভাগীয় পর্যায়ে সভা আহবান করা যেতে পারে। | (ঙ) মাদক ব্যবসায়ীদের বিদ্যমান তালিকা হালনাগাদ করে ত্রৈমাসিক ভিত্তিতে সভা করতে হবে। | পরিচালক(অপাঃ)/ অতিঃ পরিচালক (সকল)। |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০৫ | নিরোধ শিক্ষা কার্যক্রম। | (ক) দেশব্যাপী মাদকের ক্ষতিকর ও ভয়াবহ পরিণতি সম্পর্কে জনসাধারণের মধ্যে সর্বাধিক সচেতনতা সৃষ্টির প্রয়াসে বিভিন্ন কর্মসূচি গ্রহণ ও তা বাস্তবায়নে সক্রিয় ভূমিকা রাখতে হবে। বিবেচ্য সময়ের তথ্য এবং উল্লেখযোগ্য ছবি ক্যাপসনসহ জারীকৃত নির্দেশনা মতে বিভাগীয় কার্যালয় হতে সমন্বিত আকারে প্রতিবেদনসহ জেলার তথ্য প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | (ক) দেশব্যাপী মাদকের ক্ষতিকর ও ভয়াবহ পরিণতি সম্পর্কে জনসাধারণের মধ্যে সর্বাধিক সচেতনতা সৃষ্টির প্রয়াসেবিভিন্ন কর্মসূচি গ্রহণ ও তা বাস্তবায়নে সক্রিয় ভূমিকা রাখতে হবে। পরিবর্তিত পরিস্থিতির সাথে সংগতি রেখে কর্মসূচি গ্রহণ করতে হবে। | পরিচালক (নিরোধ শিক্ষা)/অতিঃ পরিচালক (সকল) /উপ পরিচালক/ সহঃ পরিচালক, জেলা কার্যালয় (সকল)। |
| | | (খ) জেলা ভিত্তিক গণসচেতনতার তথ্য ফেসবুক এবং অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করতে হবে। অতিরিক্ত পরিচালকগণ এ বিষয়ে মাঠ পর্যায়ে নির্দেশনা দিবেন এবং নিশ্চিত করবেন। জেলা পর্যায় থেকে ছবি প্রাপ্তির বিষয়ে প্রধান কার্যালয়ে সিস্টেম এনালিস্ট এবং মহাপরিচালক মহোদয়কে অবহিত করবেন। | (খ) জেলা ভিত্তিক গণসচেতনতার তথ্য ফেসবুক এবং অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করতে হবে। | সিস্টেম এনালিস্ট/ অতিঃ পরিচালক (সকল)/জেলা কার্যালয় (সকল)। |
| ০৬ | চিকিৎসা ও পুনর্বাসন সংক্রান্ত। | (ক) মাদকাসক্তি চিকিৎসা ও নিরাময় কেন্দ্র পরিদর্শনের জন্য জারীকৃত অফিস আদেশ মোতাবেক পরিদর্শন অব্যাহত রাখতে হবে এবং পরিদর্শন প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবে। | (ক) মাদকাসক্তি চিকিৎসা ও নিরাময় কেন্দ্র পরিদর্শনের জন্য জারীকৃত অফিস আদেশ মোতাবেক পরিদর্শন অব্যাহত রাখতে হবে এবং পরিদর্শন প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/অতিঃ পরিচালক(সকল)/ উপপরিচালক/সহঃ পরিচালক/জেলা কার্যালয় (সকল)। |
| | | (খ) মাদকাসক্ত ব্যক্তিদের পুনর্বাসন করার লক্ষ্যে Self Employment for the Rehabilitation of Addicts (SERA) প্রকল্প প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা যেতে পারে। | (খ) মাদকাসক্ত ব্যক্তিদের দ্রুত পুনর্বাসন করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরের সাথে যোগাযোগ পূর্বক Self Employment for the Rehabilitation of Addicts (SERA) প্রকল্প প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/ উপ পরিচালক (ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন)। |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | (গ) প্রত্যেক কারাগারে মাদকাসক্ত আসামীদেরকে পৃথক ওয়ার্ড এ রাখার জন্য এবং ঐ ওয়ার্ডটিকেই মাদকাসক্তি নিরাময় কেন্দ্র হিসেবে ঘোষণা দেওয়ার উদ্যোগ নিতে হবে। নিজ নিজ বিভাগের কারা কর্তৃপক্ষের সাথে সংশ্লিষ্ট অতিরিক্ত পরিচালকগণ যোগাযোগ করবেন। যেসব বিভাগে সিদ্ধান্তটি বাস্তবায়ন করা যাচ্ছে না সেসব বিভাগীয় কর্মকর্তাগণ লিখিতভাবে প্রধান কার্যালয়ে জানাবেন। প্রধান কার্যালয় থেকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে কারা অধিদপ্তরে পত্র প্রেরণ করা যেতে পারে। | (গ) প্রত্যেক কারাগারে মাদকাসক্ত আসামীদেরকে পৃথক ওয়ার্ড এ রাখার জন্য এবং ঐ ওয়ার্ডটিকেই মাদকাসক্তি নিরাময় কেন্দ্র হিসেবে ঘোষণা দেওয়ার উদ্যোগে প্রেরিত পত্রের অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)। |
| ০৭ | বিভাগীয় কর্মকর্তাদের অফিস পরিদর্শন। | প্রত্যেক বিভাগীয় কর্মকর্তা বাধ্যতামূলকভাবে মাসে ০২টি অফিস পূর্ণাঙ্গ পরিদর্শন করবেন এবং পরিদর্শন প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন। প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট ডেস্ক অফিসার প্রাপ্ত পরিদর্শন প্রতিবেদনের মতামতের উপর সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে নথিতে উপস্থাপন করবেন। গৃহীত সিদ্ধান্ত প্রতিবেদন প্রেরণকারী কর্মকর্তাকে অবহিত করা যেতে পারে। | প্রত্যেক বিভাগীয় কর্মকর্তা বাধ্যতামূলকভাবে মাসে ০২টি অফিস পূর্ণাঙ্গ পরিদর্শন করবেন এবং পরিদর্শন প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। অতিরিক্ত পরিচালকগণ তার বিভাগের এতদসংক্রান্ত তথ্য সভায় নিয়মিতভাবে পেশ করবেন। | অতিঃপরিচালক (সকল)/ সহঃ পরিচালক (কমন সার্ভিস)। |
| ০৮ | মুজিববর্ষ পালন সংক্রান্ত। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃকজাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে ১৭ মার্চ ২০২০ হতে ১৬ ডিসেম্বর ২০২১ পর্যন্ত মুজিববর্ষ উদযাপনের কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। প্রণীত কর্মসূচীসমূহ যথাযথ ভাবগাম্ভীর্য ও গুরুত্বের সাথে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে তৎপর থাকা প্রয়োজন। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে ১৭ মার্চ ২০২০ হতে ১৬ ডিসেম্বর ২০২১ পর্যন্ত মুজিববর্ষ উদযাপনে প্রণীত কর্মপরিকল্পনা কোভিড-১৯ এর বর্তমান পরিস্থিতির আলোকে যথাসময়ে ও যথাযথভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে তৎপর থাকতে হবে। | পরিচালক (সকল)/ অতিঃ পরিচালক (সকল)। |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০৯। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ওসুশাসন সংক্রান্ত অন্যান্য কার্যক্রম। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও জাতীয় উদ্ভাবন কর্মপরিকল্পনা যথাযথভাবে যথাসময়ে বাস্তবায়ন করবেন। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও জাতীয় উদ্ভাবন কর্মপরিকল্পনা যথাযথভাবে যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | পরিচালক (সকল)/ অতিঃ পরিচালক (গোয়েন্দা) / উপ পরিচালক (সকল)/ সহঃ পরিচালক (সকল), জেলা কার্যালয়/প্রধান কার্যালয়,ঢাকা। |
| ১০। | বিবিধ। | (ক) সরকারি ডোমেইনভুক্ত ইমেইল ও দাপ্তরিক মোবাইল নম্বর ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে। সরকারী তথ্যের গোপনীয়তা ও সুরক্ষায় ডোমেইনভুক্ত ইমেইল ব্যবহার করা প্রয়োজন। অন্যথায় আদেশ অমান্যকারীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। আগামী সভায় সিস্টেম এনালিস্ট কার্যালয় ভিত্তিক ডোমেইনভুক্ত ইমেইল ব্যবহারের তথ্য উপস্থাপন করবেন। | (ক) সরকারি ডোমেইনভুক্ত ইমেইল ও দাপ্তরিক মোবাইল নম্বর ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে। কোন অবস্থায় দাপ্তরিক মোবাইল নম্বর বন্ধ করা যাবে না। আগামী সভায় সিস্টেম এনালিস্ট কার্যালয় ভিত্তিক ডোমেইন ভুক্ত ইমেইল ব্যবহারের তথ্য উপস্থাপন করবেন। | পরিচালক (সকল)/ চীফ কনসালটেন্ট /প্রধান রাসায়নিক পরীক্ষক/অতিঃ পরিচালক (সকল) /উপ পরিচালক (সকল)/ সহঃ পরিচালক(সকল)/ সিস্টেম এনালিস্ট। |
| | | (খ) উপ পরিদর্শক ও তদুর্ধ্ব কর্মকর্তাদের গাড়ী চালনা শিখে বিআরটিএ হতে লাইসেন্স গ্রহণ করতে হবে। প্রাপ্ত লাইসেন্স পিডিএস-এ অন্তর্ভূক্ত করতে হবে। | (খ) উপ পরিদর্শক ও তদুর্ধ্ব কর্মকর্তাদের গাড়ী চালনা শিখে বিআরটিএ হতে লাইসেন্স গ্রহণ করতে হবে। প্রাপ্ত লাইসেন্স পিডিএস-এ অন্তর্ভূক্ত করতে হবে। | পরিচালক (সকল)/ অতিঃপরিচালক (সকল)। |
| | | (গ) বিমানবন্দরে একজন সহকারী পরিচালক ও বরিশাল জেলা কার্যালয়ে জনবল পদায়ন করা যেতে পারে। | (গ) বিমানবন্দরে একজন সহকারী পরিচালক ও বরিশাল জেলা কার্যালয়ে জনবল পদায়ন করতে হবে। | পরিচালক (প্রশাসন)। |
| | | (ঘ) স্ট্রাটেজিক কমিটির সিদ্ধান্ত মোতাবেক 'আলোকিত সীমান্ত' প্রকল্পে-মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের করণীয়-আলোচনা করা যেতে পারে। | (ঘ) স্ট্রাটেজিক কমিটির সিদ্ধান্ত মোতাবেক 'আলোকিত সীমান্ত' প্রকল্পে-মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের করণীয়-বিষয়ে একটি সভা করা যেতে পারে। | পরিচালক (অপারেশন্স)। |
| | | (ঙ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণআইন ২০১৮ (সংশোধিত, ২০২০) এর ধারা মোতাবেক এখতিয়ার সম্পন্ন আদালত স্থাপনে প্রেরিত পত্রের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | (ঙ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণআইন ২০১৮ (সংশোধিত, ২০২০) এর ধারা মোতাবেক এখতিয়ার সম্পন্ন আদালত স্থাপনে প্রেরিত পত্রের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | পরিচালক (প্রশাসন)। |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | (চ) অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীর কর্মবন্টন হালনাগাদ করা যেতে পারে। | (চ) অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীর কর্মবন্টন হালনাগাদ করতে হবে। | পরিচালক (প্রশাসন)। |

অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ আহসানুল জব্বার)
মহাপরিচালক

২৬ জ্যৈষ্ঠ, ১৪২৮

নং৫৮.০২.০০০০.০০৬.০৬.০০১.১৯-২৩৫৭ তারিখ: ০৯ জুন, ২০২১

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

০১। সচিব,সুরক্ষা সেবা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব,মাদক অনুবিভাগ)।

০২। পরিচালক (প্রশাসন/অপারেশন্স/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা।

০৩। প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, ঢাকা।

০৪। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা/চট্রগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ/রংপুর/ গোয়েন্দা শাখা, ঢাকা।

০৫। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।

০৬। উপপরিচালক (প্রশাসন/নিরোধশিক্ষা/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/অপারেশন্স), প্রধান কার্যালয়, ঢাকা।

০৭। উপ-পরিচালক/সহকারী পরিচালক ( ), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর /বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/ মেট্রো কার্যালয়/ জেলা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন. . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .।

০৮। সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।

০৯। নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

১০। সহকারী পরিচালক (প্রশাসন / অপারেশন্স /অর্থ ও হিসাব/ কমন সার্ভিস/ নিরোধশিক্ষা/গবেষণা ও প্রকাশনা/চিকিৎসা ও পুনর্বাসন /গোয়েন্দা/ক্রয়, উন্নয়ন ও পরিকল্পনা) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

১১। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

১২। মহাপরিচালক মহোদয়ের এর ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৩। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের এর ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৪। অফিস কপি/গার্ড ফাইল।

০৯/০৬/২০২১

(মোহাঃ জিললুর রহমান)
সহকারী পরিচালক(প্রশাসন)
মোবাইল :৮৮ ০১৪০৪০৭২০১৯
ইমেইল:adadmin@dnc.gov.bd